দৈনিক সংবাদ

46

ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 18 MAY 199
পৃষ্ঠা 1 কলাম 2

# অষ্ট্রেলিয়ায় ২ জন বাংলাদেশী ছাত্রের কারাদণ্ড

পার্থ (অষ্ট্রেলিয়া), ১৭ই মে (এএফপি)।--অবৈধভাবে অষ্ট্রেলিয়ায় দ্বিতীয়বার প্রবেশের চেষ্টার দায়ে দু'জন তরুণ বাংলাদেশী ছাত্রকে চরম মূল্য দিতে হয়েছে।

ঢাকা থেকে আগত মাহবুবুর

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## ২ জন ছাত্রের কারাদণ্ড

(১ম পাতার পর)

রহমান (২৫) এবং খোন্দকার লিটু (২৬)-কে এখানে তিনমাসের কারাদণ্ড দেয়া হয়।

ইতিপূর্বে একবার স্বদেশে ফেরত পাঠানো সত্ত্বেও বিনা অনুমতিতে দ্বিতীয়বার অষ্ট্রেলিয়ায় প্রবেশের দায়ে পার্থ ম্যাজিষ্ট্রেটের আদালতে উক্ত দু'জন দোষী সাব্যস্ত হয়।

আদালতে বলা হয়, গত মাসে পশ্চিম অষ্ট্রেলিয়ার উত্তর পশ্চিম উপকূলীয় কুলান দ্বীপে অবতরণের সাথে সাথে অন্য ন'জন বাংলাদেশীসহ এই দু'জনকে আটক করা হয়।

আদালত জানায়, এই গ্রুপটির উদ্দেশ্য ছিল কোন বড় অষ্ট্রেলিয়া শহরে গিয়ে স্থানীয় অধিবাসীদের সাথে মিশে যাওয়া।

সরকারী কৌঁসুলি ষ্টেফান হল জানান, গত অক্টোবর মাসে রহমান ও লিটু ১৪ জনের অবৈধ প্রবেশকারী একটি দলের সাথে অষ্ট্রেলিয়ায় ঢোকার চেষ্টা করলে পশ্চিম অষ্ট্রেলিয়া সংলগ্ন কোকাটু দ্বীপের কাছে একটি ইন্দোনেশীয় মাছ ধরা নৌকা থেকে গ্রেপ্তার হয়। ফেব্রুয়ারী মাসে এদের সবাইকে স্বদেশ পাঠিয়ে দেয়া হয়।

দ্বিতীয় প্রচেষ্টায় ঢাকা থেকে বিমান যোগে ইন্দোনেশিয়ার কুপাং দ্বীপে এসে রহমান ও লিটু সমুদ্রপথে পশ্চিম অষ্ট্রেলিয়ায় ঢোকার জন্যে অন্য ৯ জন অবৈধ অনুপ্রবেশকারীর সাথে একটি নৌকায় আরোহণ করে।

কুলান দ্বীপে এই গ্রুপের সবাইকে নামিয়ে দিয়ে নৌকাটি উধাও হয়ে যায় বলে কৌঁসুলি উল্লেখ করেন।

তিনি জানান, রহমান ও লিটু অষ্ট্রেলীয় অভিবাসন আইন চরমভাবে লংঘন করেছে।